ছাড় সেতাবিতে * হুকুম পাইয়া দাড়ি মাঝি যত ছিল। কেদো খালি তরফেতে রওয়ানা হইল * সাত ডিঙ্গা বাহিয়া চলিল লোক জনে॥ দেখিয়া দক্ষিনা দেও বলে মনে মনে * ধোনা মৌলে আসিতেছে সহদ লইতে॥ বনে আমি যাই হাট মধু বসাইতে * কোদেখালি বিচে দেও আসিয়া পৌছিল॥ যত মৌমাছি তরে হুকুল করিল * লক্ষ লক্ষ মৌমাছি হুকুমে দেওয়ের॥ বসাইল হাট মধু ভিতরে বনের * থরে থরে খোন্দাকে কোটরে ডালে পাতে॥ বেশুমার মধু চাক লাগিল গড়িতে * খোসালিত হয়ে ধোনা তরনী লইয়া॥ কয় রোজে কোম খালি পৌছিল আসিয়া * মাঝিদিগে বলে কিস্তি বান্ধহ এইখানে॥ চল মধু দেখিবারে যাই সবে বনে * ইহা বলে মৌকা বেন্ধে বাদা বনে যায়॥ দেখিল মধুর চাক যেথায় সেথায় * ধোনা মৌলে দেখে ফিরে আইল খুসি হইয়া॥ নাস্তে এসে খেয়ে পিয়ে রহিল শুইয়া * দু প্রহর রাতে ধোনা স্বপন দেখিল॥ আসিয়া দক্ষিনা দেও কহিতে লাগিল * চাক ভাঙ্গিবারে যবে যাইবে বনেতে মেরা নাম লিবে ভাঙ্গিবার প্রথমেতে * তাহা বাদে দিবে হাত মধুর ভাণ্ডারে॥ মৌমাছি উড়িয়া ভাগিয়া যাবে দুরে * আর এক বাত আছে কহি তুঝে এবে॥ একজনে সাথে লিয়া বনেতে যাইবে * নাহি দিব লোম মধু তোমাকে ভাঙিতে॥ তামাসা দেখিবে ঘুরে ফিরে জংগলেতে * আমার লস্কর দিয়া মধু ভাংগাইব॥ বৈসে রবে তোমার ডিঙাতে পৌছাইব * কিন্তু সেই কথা মেরা ইয়াদ রাখিবে॥ যাই বার সময় দুখেকে দিয়া যাবে * ওজর তাহার না করিবে ঘবরদার॥ জান লিয়া টানা টালি হইবে তোমার * এ কথা বলিয়া দেও গায়েব হইল॥ ফজরে ধোনা তবে জাগিয়া উঠিল * সবাকারে হুকুম করিল ভজরেতে॥ দুখেকে যসায়ে চল সবে জংগলেতে * যায় মধু ভাঙিবার হুকুমে ধোনার॥ দুখে বলে চাচাজিগো কি কহিব আর * কান্দিয়া কান্দিয়া ফের কহিতে লাগিল॥ তোমার মোকছেদ চাচা হাছেল হইল * দেওয়ের সহিত দেরা হয়েছে কারার॥ আমারে দিয়া যে ঘরে যাবে আপনার * এ কথা শুনিয়া ধোনা হাসিয়া উঠিল॥ যত সব বাজে কথা তোরে কে শুনাল * এতেক বলিয়া ধোনা চলিল বেবাক॥ যাইয়া লধুর চাক দেখিয়া অবাক * যত লোক গিয়াছিল

ধোনায়ের সাথ॥ লইয়া দেওয়ের নাম চাকে দিল হাত * মাক্ষি সব তাড়া পেয়ে ফাগিল উড়িয়া॥ রাক্ষস দক্ষিনা দেও জানিতে পারিয়া ভুত প্রেত দেওয়ান লইয়া সঙ্গেতে॥ আসিয়া পৌছিল ধোনা ছিল যে বনেতে * দেও বলে দেখ ধোনা তামাসা আমার॥ পৌছাইয়া দিব মধু নায়েতে তোমার * এ কথা বলিয়া দেও দান সবাকায়॥ মোম মধু ভাঙ্গিতে হুকুম দিল ঠায় * দক্ষিনা দেওয়ের বাতে দান যত॥ ভূত প্রেত ডাকিনী ধাইল শত শত ভাঙ্গিয়া তামাম মধু লহজার বিচেতে॥ সাত ডিঙ্গা বোঝাই করিল সহদেতে * ধোনাকে দক্ষিনা দেও কহে এ প্রকার॥ দেখ আর জাগা নাই কিস্তিতে তোমার * ধাওয়াধাই ধোনা এসে নায়েতে পৌছিল॥ বাকি নাহি আছে জাগা বোঝাই হইল * তখন আবার দেও কহে এরূপেতে॥ দেহ সাত ডিঙ্গা মধু ফেলিয়া পনিতে * মোম দিব সাত ডিঙ্গা বোঝাই করিয়া॥ তাহাতে কিম্মত বেশী পাইবে বেচিয়া * মোম হৈতে খুব কম মধুর কিম্মত॥ গাঙ্গেতে ফেলিয়া দিল সহদ তায়ত যে গাঙ্গে ধোনাই মধু ফেলিল তামাম॥ সেই হইতে সে গাঙ্গের মধু খালি নাম * যে পানির মাঝে মধু ধোনাই ফেলিল॥ চারিদিকে নোনা বিচখানে মিঠা হইল * আজ আজ তক সে গাঙ্গে আছে মিঠা পানি॥ তাহা বাদে সাত ডিঙা মোম দেওয়নি * ধোনার নায়েতে দিল বোঝাই করিয়া॥ তা বাদে কহিল দেও শোন দেল দিয়া * তোমাকে দিলাম মোম বহুত কিম্মতি॥ বেচিয়া পাইবে ধন করিবে রাজত্যি * যে কারণে দিনু মোম শোন তার বেনা॥ দুখেকে দিতে খবরদার ভুলিবে না * যদি হেলা ছাজি কর সাজা পাবে তার॥ গাঙেতে তামাম নার ডুবাব তোমার * বিদায় হইল এই ধোনাকে বলিয়া॥ পাকাইতে ছিল দুঘে নায়েতে বসিয়া * ভিজা কাট নাহি জ্বলে পাকাতে না পারে॥ রন্ধন না হৈল তাই কান্দে জারে জারে রন্ধই না হইলে গোশ্বা হইবে ধোনায়॥ ভাবিয়া তাহার দিশা কিছু নাহি পায় * বন বিবির নাম শেষে ইরাদ করিল॥ ভুরকুণ্ডায় ছিল বিবি মালুম পাইল * পলক মারিতে দেয় না হইল আর॥ দুখের নিকটে এসে কহে এ প্রকার * কেন ডাকিয়াছ কহে আসিয়া নিকটে॥ দুখে কহে মা জননী পড়িনু সঙ্কটে * ধোনা চাচা বলে

গেছে রসুই করিতে॥ শুখা কাষ্ঠ অভাবে না পারি পাকাইতে * বন বিবি বলে বাছা না ভাবিও তুমি॥ খোদার হুকুমে পাকাইয়া দিব আমি * বন বিবি তাহাকে যে ভরসা দিল॥ সকল হাড্ডীর পরে হাত ফেরাইল * কামালের খনি বিবি বরকতের হাত॥ বুকের গীতে পাকাইল ছালুন ও ভাত * বেগর আগুনে খানা হইল তৈয়ার॥ বিবি কহে সকলেতে খাও এই বার * আরম্ভ করিয়া দুখে কহিল তখন * কাল বুঝি ধোনা চাচা যাবে ডিঙা লিয়া॥ দক্ষিনা দেওয়ের তরে যাবে মোরে দিয়া * জগত জননী মাতা আসিয়া তরাবে॥ বন বিবি বলে বাছা মনে না ভাবিবে * খাইতে তোমারে নাহি রায়ের ক্ষমতা॥ আশা মেয়ে শা জঙলি উড়াইবে মথা * বন বিবি ইহা বলে বিদায় হইল॥ মহল থাকিয়া ধোনা আসিয়া পৌছিল * দুখেকে কহিল কোন ডিঙার উপর॥ পাকাইয়া রাখিয়াছ কহ সে খবর দুখে বলে চাচাজগো এই ডিঙা পরে॥ রান্ধিয়া রেখেছি আমি তোমাদের তরে * ধোনা যদি শোনে এমছা গিয়া সেই নায়॥ সকলে ফকস্তরে বৈসে খানা খায় * সেরূপ অমৃত খানা কভু না খাইল॥ সকলেতে কানাকানি করতে লাগিল * সকলে মিলিয়া কহে ধোনার খাতের॥ কভু এই খানা নহে দুখের হাতের* সকলেতে ঠামাঠারি করিতে লাগিল॥ দুখের উপরে সখা বন বিবি হৈস * ধোনা কহে হেগে বেটা পানা নাহি লয়॥ দুখের উপর বন বিবি হইবে সদয় * এইরূপে বলা কওয়া করিতে লাগিল॥ দিন গুজাইয়া রাত আসিয়া পৌছিল * যার যে ডিঙাতে গিয়া করিল আরাম॥ সারা রাত হৈল দুখের আরাব হারাম * ভাবিতে লাগিল এমছা কান্দিয়া কান্দিয়া॥ ধোনা চাচা যাবে দেশে কাল ডিঙা লিয়া * দক্ষিনা দেওয়ের তরে আমাকে দে যাবে॥ বাঘ হয়ে আমাকে সে ধরিয়া খাইবে * মা বলিতে আমা বই কেহ আর নাই॥ আমার ভাগ্যেতে আল্লা লিখেউ এমছাই * এইকথা ভেবে দুখে দেলে আপনার॥ আল্লাকে ইয়াদ করে কান্দে জারে জার * এক জারা চক্ষে তার নিন্দ না আইল॥ কান্দিয়া কান্দিয়া সেই রাত পোহাইল*

ধোনা মৌলে দুখের ভয়ে দক্ষিনা দেওকে দিয়া যাও ও বোন-বিবি দুখেকে উদ্ধার করিবার বয়ান

পয়ার * খানা পিনা খেয়ে সবে শুইয়া রহিল॥ সেই রাত পোহাইয়া ফজর হইল * দাড়ি মাঝি সবাকারে কহিল ধোনাই॥ খোলহ নায়ের কাছি আর দেরী নাই * ছয় ডিঙা খুলে দিল হুকুমে ধোনার॥ নাহি খোলে এক ডিঙা ভেদ ছিল তার * কহে ধোনা দের করিতেছ কি কারণ॥ মাঝি বলে কিসে হবে নায়েতে রন্ধন * নায়ের পরেতে কাঠ নাহি এক খানা॥ নায়ে এত লোক কিসে পাকাইবে খানা * মাঝির মুখেতে ধোনা শুনে এ বয়ান॥ বলে বাবা দুখে থোড়া কাঠ কেটে আন * দুখে কহে মাফ কর চাচাজি আমায় দোছরাকে ভেজে দেহ না যাব চড়ায় * এত লোক আছে কর তাদের হুকুম॥ আমার উপরে কর খামাখা জুলুম * ধোনা মৌলে বলে বেটা নায়ে বসে খাবে॥ আদান ফরমাস করিলাম নাহি যাবে * ছাঙিন জবাব দিলে মুখের উপরে॥ চড়াতে না যাব আমি কাঠ আনিবারে * কাটিয়া জওয়াব দেহ হজুরে আমার॥ দুখে বলে চাচা জীগো হেকমত তোমার * চেতনে আছিনু দেও কাহল তোমায়॥ কেদো খালি চরে তুমি দে যাবে আমায় * বাঘ হৈয়া দেও এসে ধরে খাবে মোরে॥ মালালিয়া বড়লোক হবে গিয়া ঘরে * দুখের মায়েরে কবে দেশেতে যাইয়া॥ দখেকে খাইল বাঘে দিবে শোনাইয়া * কি বলে আনিয়া মোরে ছিলে ঘর হইতে। মা আমাকে সুপে দিয়াছিল তেরা হাতে * তাহার সরত গুব আদায় করিয়া॥ কেদোখালির চরে মোরে বাঘে, খাওয়াইয়া * সুনিয়া আমার মাতা কান্দিয়া ২॥ আর কেহ নাহি শোকে যাইবে মরিয়া * ধোনা বলে পাজি বেটা ওস্তাদ ঠেটার॥ একটা ফরমাস যদি সুনিলে আমার * ভালাই চাহত জলদি কাঠ আন গিয়া॥ নাও হইতে কান ধরে দিব নামাইয়া * এই কাজের তরে মোরে নায়ে এনেছলে॥ দখের জান গেল আর তুমি ধনী হইলে * আর কেন ফাজহত কর বার বার॥ আমারে খাইলে বাঘে পরওয়া কি তোমার * দখে বলে চাচাজিগো ছালাম চরণে॥ বল কাঠভাঙিবারে যাব কোন বনে * এশারা করিয়া ধোনা বন দেখাইল॥ দক্ষ মনে দখে নাও হইতে নামিল *

গেলো দুখে কেদো খালির চর পার হৈয়া॥ ধোনা ডিঙ্গা খুলে গেল দুখেকে রাখিয়া * কহিতে লাগিল ধোনা মুখে আপনার॥ দুখেকে দিলাম ভোরে রাক্ষস এইবার * মেরা দোষ ঘাট মাফ কর দেওমনি রাখ মার যাহা ইচ্ছা আমি নাহি জানি * কাঠ লিয়া আসে দুখে জঙ্গল হইতে॥ আসিয়া পৌছিল কেদো খালির চরেতে * দেখিল যে ধোনা মৌলে গেছে নাও লিয়া॥ চরেতে বসিয়া কান্দে কাতর হইয়া * খাড়ি হাতে দৈত তবে দেখিতে পাইল॥ দুখেকে দিয়াছে ধোনা মালুম করিল * খাইতে রাক্ষস তবে এরাদা করিয়া॥ আপনাকে বাঘের ছুরত বানাইয়া * মানুষের গোস্ত খাব বহুদিন বাদে॥ দুখেকে খাইতে যায় মনের আনন্দে * চরে থেকে দুখে হেথা পাইল দেখিতে॥ বাঘ হইয়া আসে দেও আমাকে খাইতে প্রকাণ্ড শরীর আর দুম উর্দ্ধে তুলে॥ হাওয়া ভরে আসে সেই বাঘ গাল মেলে * দেখিয়া দুখের গেল পরাণ উড়িয়া॥ বলে বোন বিবি মাগো লেহ উদ্ধারিয়া * এত বলে তরাসে গিরিয়া গেল ভুমে॥ তামাম অজুদ তরতর হইল ঘামে * বলে মাগো বন বিবি কোথা আছে ছেড়ে॥ এ সময় আইস গো মা দুখে মারা পড়ে * ত্বরাবে বাঘের হাতে দিয়াছ কারার॥ না ত্বরাবে কলঙ্ক মা হইবে তোমার * এতেক বলিয়া তবে জ্ঞান হারাইল॥ ভুরকুণ্ডে থাকিয়া বিবি জানিতে পারিল সা জঙ্গলিকে কহে ভাই জলদি আইস সাথে॥ বুঝি মারা গেল মেরা বাছা রাক্ষসের হাতে * চল জলদি গিয়া করি উহারে উদ্ধার॥ আসপর্দ্ধা হয়েছে বড় রাক্ষস বেটার * খেয়ে যদি ফেলে তবে হবে মহা দায়॥ পলকেতে ভাই বহিন পৌছিল সেথায় * দেখে দুখে পড়ে আছে হস হারাইয়া॥ দুখেকে লইল বিবি কোলে উঠাইয়া * ধুলা শুদ্ধা কোলে নিল জগতের মাতা॥ বাছা ২ বলে ডাকে নাহি কহে কথা * বেহস বেহাল ছিল না পায় শুনিতে॥ জঙ্গলিকে ভাই দেখ কি চক্ষেতে * সা জঙ্গলি একথা শুনে আসিয়া তরায়॥ এছম আজম পড়ে ফুক দিল গায় * পানি মুখে দিতে তবে হস যে হৈল॥ দেও দুরে বাঘরূপে খাড়া হয়ে ছিল * সা জঙ্গলিকে বন বিবি কহে গোশ্বা ভরে॥ কিছু শিক্ষা দাও এই রাক্ষস বেটারে * ছের উড়াইয়া দেহ থাপড়ি মারিয়া॥ শুনিয়া শা জঙ্গলি দৌড়ে আশা

হাতে লিয়া * শা জঙ্গলি হুকুম পেয়ে জালের গোশ্বায়॥ খুব জোরে চড় মারে বাঘের মাথায় * নামাকুল চড় খেয়ে ফাফড়া হইল॥ জান লিয়া দক্ষিনা দেও দক্ষিনে চলিল * জঙ্গলি শাহা পিছা নাহি ছাড়িল বেটার॥ ভয়েতে পালায় পিছে নাহি তাকে আর * বাদাবন ভাঙ্গিয়া রাক্ষস পালায়॥ খেদাড়িয়া শা জংগলি পিছে ২ ধায় * আজিম দরিয়া এক ছামনে পাইল॥ দেওজাত কোনরূপে নদী পার হইল * বলে জংলি এবে নদী কিসে হব পার॥ পৌছিলেন শা জংলি ধারে দরিয়ার * লইয়া আল্লার নাম নামিল পানিতে॥ আধা হাটু পানি তার হইল বজরগাতে * কামেল দরবেশ শাহা ভেজা এলাহির॥ পাও যবে ধরিলেন উপরে পানির * কেরামতে বেশুমার পানি কম হইল॥ শা জংলির আধা হাটুর বেশী না হইল দেখিয়া দক্ষিনা দেও দেলেতে ডরায়॥ কহে ওই বেটা না ছাড়িবে আমায় * এরুপে ভাবিয়া দেও দেলে আপনার॥ হাঙ্গর ও কুম্ভীর ডেকে কহে এ প্রকার * ওই বেটা জমি হতে নামিল পানিতে॥ এই বেলা ধরে খাও গিয়া সকলেতে * হাংগর ও কুমীর পেয়ে হুকুম দেওয়ের॥ বেশুমার চলিল ধরিতে শা জংলিরে * মেজে ঝাপটা মারে পাও ধরে জড়াইয়া॥ শা জংলি কুমীরের দুম পাকড়িয়া বেজান করিয়া দেয় মারিয়া কাছাড়॥ বেশুমার মারে চুরমার করে হাড় * পাও ঝাড়া মারে গেরে তফাত হইয়া॥ কতেক মারিয়া আশা দেয় গেরাইয়া * শা জংলি মারিয়া ডালিল বেশুমার॥ কিছু না করিতে পারে হুকুমে খোদার * আল্লার মদদে সেই নদী পার হইল দেখিয়া দক্ষিনা দেও ভাগিয়া চলিল * ভয় পেয়ে দৌড়িয়া পালায় সে কাফির॥ ভাঙ্গড়ে পৌছিল গিয়া নজদিগে গাজির * ছুটিয়া দক্ষিনা দেও করে হাইফাই॥ গাজি বলে কোথা হইতে আসিতেছ ভাই * কি জন্যে এমন হালে পৌছিলে আসিয়া॥ কার চুরি করে যেন আইলে ভাগিয়া * লোকজন কাহাকে না আনিয়াছ সাতে॥ থর ২ কাঁপে অংগ কাহার ভয়েতে * কহিল দক্ষিনা দেও শুন গাজি পীর॥ বারজহাটিতে ঘর যে ধোনা মৌলির * সাত ডিঙা লিয়া আইল সরহদ্দে আমার॥ মোম মধু দিনু আমি খাতেরে তাহার * দুখে নামে একজন নায়ে তার ছিল॥ তাহারে খাইতে মেরা খাহেস

হইল * কোদা খালি চরে খোনা দিল সে দুখেরে॥ খোসালিত হৈয়া তারে গেনু খাইবারে * এক লাড়কা এক লাড়কি কোথা হইতে আইল॥ দখের তরেতে মোরে খাইতে না দিল * লাড়কির রূপের কথা কি কহিব আর॥ জংগল হয়েছে আলো ছুরাতে তাহার * আর সেই লাড়কা বড় জওয়ান দেলের॥ এক চাপড়েতে ঘুমাইল মেরা ছের * কখন লড়াই করে আশা লিয়া হাতে॥ বড়া জোয়ওয়ার বেটা বুঝিনু দেলেতে * কখন ফাকরী ভালে জংগলেতে ফেরে॥ কি আর কহিব গাজি তোমার হজুরে * গাজি বলে দহিমা তুমি না জান সন্ধান॥ বন বিবী নাম তার ভাটির প্রধান * না বুঝিয়া ফাছাদ করিলে তার সাথে॥ সোবাকে হয়রান করিবে হর রাতে * খোদার রহম আছে উপরে তাদের॥ এরাদত বন্দেগীতে পুরা মারফতের * রায়মনী তার লাড়িয়া ছাড়িল সব বলে আপনার জান বাচাইল * দেও বলে গাজি ভাই শোন বিবরণ॥ নালি দেখিয়াছি বোন বিবী সে কেমন * এরূপে গাজির সাথে কথায় জাছিল॥ সোটা হাতে লিয়া তথা শা জংগলি পৌছিল হেকে বলে মার মার আরে গোখা হইয়া॥ দেও বলে গাজি ভাই লেহ বাচাইয়া * এ বিপদে গাজি ভাই করহ উদ্ধার॥ চিরকাল এই গুণ গাইব তোমার * তারাসেতে ছাপাইল গাজির পিছেতে॥ গাজি শা জংলির হাত ধরে তাড়িমেতে * ঘাড়া হইয়া বসাইয়া আপন আসনে॥ প্রথম ছালাম আনেক হইল দুজনে * কহে গাজি শা জংলির দোন হাত ধরে॥ কেন ভাই এত গোখা কাহার উপরে শা জংলি কহে কাকেরের মদত কর॥ হয়ে মুসলমান তুমি খোদাকে না ডর * গাজি কহে শা জংলি বস একবার॥ গরম মেজাজ ঠাণ্ডা কর আপনার * শা জংলিকে গাজি শাহা নরম করিয়া॥ নানা মতে কহিতে লাগিল ভুলাইয়া নামেতে দক্ষিনা দেও বন্ধু যে আমার তোমার বিবাদ কিসে সংগতে ইহার * শা জংলি কহে কুমি জাত ইসলামের॥ রাক্ষসের সাথে দোস্তি তোমার কিসের * বন বিবীর হুকুমেতে দেখিব একেবারে॥ লালেদা মারিয়া পাঠাইব যম ঘরে * মানুষ ধরিয়া খায় কাফের গাণ্ডার॥ দেখাইয়া দিব মজা দেখিবে এবার॥ জংলি হইয়া গোখা এরূপে কহিল॥ গাজি হাত পাকাড়িয়া

কলিতে লাগিল * বোন বিবীর হুজুরেতে চলে যাই সবে ॥ আলবত্তা দক্ষিণা রাহে করিবে রেহার * রাই বলে আমি নাই যাব সেথানেতে সময় পাইব বোন বিবীর সাক্ষাতে * গাজি বলে এই বাতে না আছে সরম॥ বোন বিবী কভু কার না তুড়ে ভরম * চলহ তোমার সাথে আমিও যাইব॥ যে কিছু তোমার গোনা মাফ করাইব গাজি আর রায় গেল সাথে সা-জঙ্গলির॥ যাইয়া হাজির হইল হুজুরে বিবীর * গাজি বোন বিবীকে ছালাম জানাইল॥ বোন বিবী গাজিকে বসিতে জাগা দিল * বোন বিবী বলে বাপ নাম কি তোমার॥ কি খাতেরে আসিয়াছ হুজুরে আমার * কহিলেন নাম মোর গাজি বড়খান॥ জানিয়া না জান বিবী হয়েছ আজান * সাহা সেকেন্দার নাম আমার বাপের॥ এলাহি শুপিয়ালিল সামি সুলতানের এই ভাটীশ্বর হইল আমার জায়গির॥ পরিচয় দিল এরছা হুজুরে বিবীর * বোন বিবী শুনিয়া গাজির সমাচার॥ গোশ্বা লইয়া কহিতে লাগিল এ প্রকার * তুমি এখানেতে আছ ওলি এলাহির॥ মনুষ ধরিয়া খায় রাক্ষস বেপির * দরবেশ করিয়া আল্লা যদি পাঠাইল॥ বান্দার ফালাই তুঝে করিতে ভেজিল * না করিয়া তাহা মেলে সঙ্গেতে ভুতের॥ আদম জাদাকে খায় শয়তান কাফের * কহিতে লাগিল গাজি শোন মা জননী॥ মানুষ ধরিয়া খায় আমি নাহি জানি * এখন আমার মাফ কর গোনা খাতা॥ দক্ষিণা রায়েরে তুমি হও সই মাতা * যখন আইলে তুমি আঠার ভাটিতে॥ লড়াই করিয়াছিলে রায়মণির সাতে * রায়মণি তেরা সাথে জঙ্গেতে হারিল॥ সই বলে আপনার জান বাজাইল * যাকে তুমি ভুত বল বেটা সে তোমার॥ শুনিয়া গাজির কথা বিবী মেকদার * শুনিয়া গোজেস্তা কথা গোশ্বা থামাইল॥ দক্ষিণা রায় বোন বিবীর কদমে গিরিল * খাতা মাফ চাহিতে লাগিল মা বলিয়া॥ গাজি মিনতি করে মা মা বলিয়া * মিনতি করাতে দেলে রহম হইল॥ দক্ষিণা রায়ের গোনা মাফ করে দিল * কহে বিবী এক বেটা দুখে ছিল মোর॥ তাহার দুঃখেতে আমি আছিনু কাতর * এখন যে তিন বেটা হইল আমার॥ আমার যে দুখে বেটা গরীব লাচার * দখের উপরে এবে মেহের করিয়া॥ মেলে তিন ভায়ে এবে গলায় ধরিয়া * রায় আর গাজি মেলে দখের

বোন বিবী,

সহিতে॥ ভাই বলে কোলে তুলে লইলে তুরিতে * তিন ভায়ে মেলা মিলি যখন হইল॥ বোন বিবী এই বাত কহিতে লাগিল * এবে দুখে ছোট ভাই হইল তোমা'দের॥ দুখেকে করিয়া এবে যোক্তার গঞ্জের * গাজি বলে ফজলেতে আল্লাতালায়॥ আমার কবজায় মাল আছে বেশুমার * সাত ধন আমি দিই দুখেরে॥ কারার কহিনু আমি তোমার হজুরে * বোন বিবী কহে লাল পাবে কেমনেতে॥ গাজি বলে পাবে দখে বসিয়া ঘরেতে * এ কথা শুনিয়া বিবী খুসিতে ভরিল॥ দক্ষিণা রায়ের তরে জিজ্ঞাসা করিল * দখে যদি ভাই তেরা এঘন হইল॥ কি দায় ভুরিবে ওরে মোর ঘরে বল * রায় বলে দখেকে কি দিব আমি ধন॥ জঙ্গলেতে মোম মধু আমার সৃজস * আঠার ভ টির মধ্যে এ ধন আমার॥ যখন চাহিবে দিব কহিনু কারার * লিয়া যেতে না হইবে দিব পৌছাইয়া॥ অতায়াসে পাবে দখে ঘরেতে বসিয়া * বোন বিবীর নিকটেতে গাজি আর রায়॥ কওল কারার দিয়া হইল বিদায় * ছালাম তছলিম বোন বিবীকে করিল॥ যে যাহার ঠিকানায় যাইয়া পৌছিল * দুখেকে লইয়া সাতে বিবী নেকদার॥ ভুরকুণ্ড মোকানে আইল আপনার * বাদা বনে দুখেকে তামাম দেখাইল॥ আটার ভাটিতে সব ভ্রধন করিল * আপন আসনে বিবী বসিল খুসিতে॥ দুখের কপাল ফেরে কোন বিবী হইতে * বিবীর খেদমতে দুখে হাজির রহিল॥ সেখ মোহাম্মদ মুনশী শয়ারে রচিল *

* ধোনাই আপনার দেশে পৌছে ও দুখের মা
দুখের মরণ খবর শুনিয়া রোদন
করিবার বয়ান *

পয়ার * বিবীর হজুর দুখে থাকে খোসালিতে॥ না করে আন্দেসা রহে লামেশা খেদমত * ধোনা মৌলে ডিঙ্গা লিয়া দেশেতে পৌছিল॥ আপনার ঘাটে সাত ডিঙ্গা লাগাইল * দাড়ি মাঝিগণে দিল বিদায় করিয়া॥ যার যে ঘরেতে গেল খুসিতে ভরিয়া * ধোনা মৌলে মোম মধু ঘরেতে আনিল তামাম সহরে তার খবর হইল * দুখের মা এ খবর পায় তার পরে॥ মোম মধু লিয়া ধোনা আসিয়াছে ঘরে * যাইয়া পৌছিল বুড়ি ধোনায়ের বাড়ি॥ পুছিতে লাগিল সমাচার তাড়াতাড়ি * কোথায় আমার দুখে কহরে

ধোনাই। চাঁদ মুখ দেখে তার পরাণ জুড়াই * কতদিন হইল দুখে আছে কি হালেতে॥ ভালা বুরা সমাচার না পাই শুনিতে * বুড়ির কথায় ধোনা নীচা করে মাথা॥ জওয়াব না দিয়া কহিল কোন কথা * বুড়ি বলে জলদি মোরে কহরে ধোনাই॥ তুমি আইলে দুখে মেরা কেন আসে নাই * দুখের মাতাকে ধোনা কহে এ প্রকার॥ দুখের খবর আমি কি কহিব আর * কাঠ কাটিবারে দুখে গেল জঙ্গলেতে॥ কেদো খালির চরে খায় ধরিয়া বাঘেতে * শুনিয়া ধোনার মুখে দুখের মাতারি॥ পটকান খাইয়া গেরে হায় ২ করি * ছের ঠোকে কান্দে বুড়ি চক্ষে বহে পানি॥ বুড়ি বলে ওরে ধোনা আমি অভাগিনী কাঙ্গালের ধন লিয়া হারালি কোথায়॥ দুখেকে খাইল বাঘে শোনালি আমায় * নয়নের তারা মোর কোথা রেখে আইলি॥ বুকের মাঝেতে তুই কাটারি মারিলি * আমানতে খিয়ানত করিলি আমার॥ ধোনায় কহিয়া এমছা কান্দে জারে জার * পুত্র শোকে কান্দে বুড়ি গড়াগড়ি দিয়া॥ ধোনা মৌলে কহে তার কান্দনা দেখিয়া * কহে আর নাহি কান্দ করহ ছবর॥ খোরাক পোষাক আমি যোগাইব তোর * কান্দিলে না পাবে আর চারা কিছু নাই॥ কত প্রবোধিয়া কহিল ধোনাই * বোধ নাহি মানে বুড়ি কান্দে জারে জার॥ সবে মাত্র এক বেটা আছিল আমার * বুড়ি বলে ওরে ধোনা কি খাওয়াবি খানা॥ আমার মাথায় তুই গিরালি যখমনা * খোয়াক পোষাক মোর হামেহাল দিবি॥ দেলের আগুন মেরা কিসে নেভাইবি * শোকের আগুনে জ্বলে কলেজা আমার॥ দধে বিনা সে আগুন নিভাবে কে আর * ডাক ছেড়ে কেন্দে বলে কোথা গেলি দধে॥ না খাইয়া তোরে লিয়া থাকিতাম সুখে * এইরূপে কান্দে বুড়ি ফেরে বাড়ি ২॥ কানে কালা চক্ষু অন্ধ ক্ষীণ হইল নাড়ী * ধানা পিনা নাহি খায় ফেরে ঘাটে মাঠে॥ কহে বুড়ি ওরে দধে মোর প্রাণ ফাটে কভু কহে যাবার সময় ওরে দুখে॥ তোকে শুপে দিয়ে ছিনু বোন বিবি মাকে * সে থাকিতে খায় তোকে বাঘেতে ধরিয়া॥ বুঝি তারে না ডাকিলি মা মা বলিয়া * কত কথা মনে উঠে বেটার শোকেতে ভুরকুগায় বোন বিবি পারিল জানিতে * অন্তর জামিনী মাতা জানিতে পারিল॥ দুখের মাতার দধে দুঃখিত হইল * কহিলেন বোন বিবি দধের কারণ॥ মা তোমার শোকে করে বিষম রোদন * ধোনা

গিয়া কহিলেন বাঘেতে খাইল॥ কেন্দে তোর জননী পাগলিনী হৈল* উদাসিনী হইয়া ফেরে যেথায় সেথায়॥ দুখে ২ বলে কান্দে খানা নাহি খায়* বিবি বলে যাহ বাবা ঘরে আপনার॥ বুড়ি মাতা কান্দে তোর হয়ে জারে জার* দুখে বলে মা জননী আমি নাহি যাব॥ তোমার খেদমতে সদা সর্বদা রহিব* কি করিব দেশে গিয়া কি আছে আমার॥ তোমা হেন দয়াবতী কেবা আছে আর* তুমি না করিলে দয়া বাঘেতে খাইত॥ তবে দুখে কেমনেতে ঘরেতে যাইত* বোন বিবি বলে বেটা না কর ভাবনা॥ আমি তোর পিঠ পরে আছি পোস্তপানা*যখন ধিয়ান তুমি করিবে আমায়॥ মুহূর্তে যাইয়া দেখা দিবই তোমায়* হয় মছিবতে তোকে করিব উদ্ধার॥ কান্দে তেরা মাতা যাহ ঘরে আপনার* দুখে বলে কোথায় যাইব মা জননী॥ কোথা হইতে আইনু কোথা রাহা নাহি জানি* বিবি বলে আন্দেসা না আছে সে কথায়॥ পৌছাইয়া দিব তুঝে ঘরেতে তোমায়* যাহ কুমীরের পৃষ্ঠে সওয়ার হইয়া॥ দুখে বলে আমাকে সে খাইবে ধরিয়া* রাক্ষসের হাত হইতে করিলে উদ্ধার॥ কুমিরে খাওয়াবে মোরে বুঝি এইবার* বিবি বলে ওরে দুখে কুমিরে না খাবে॥ আমার হকুমে তেরা ঘরে পৌছাইবে* পিঠের উপরে তার হইবে ছওয়ার॥ যেন মোর কোলে রবে ভয় কি তোমার* দুখে বলে তবে মোর আন্দেসা কিসের॥ বসিয়া থাকিব আমি কোলেতে মায়ের* কহে মোহাম্মদ মুনশী আল্লা করি সার॥ বিবি যাকে বেটা বলে ভয় কি তাহার*

কুমীরের মারফতে বন বিবি দুখেকে দেশে পাঠাইবার বয়ান

পয়ার* কাতরেতে কহে দুখে হজুরে বিবির॥ দেখাও আমাকে মা সে কেমন কুমীর* সেকো ২ বলে বিবি ডাকিতে লাগিল॥ তখনি সে দরিয়ায় ভাসিয়া উঠিল* কুমীরে দেখিয়া দুখে এই কথা বলে॥ রাতকালে চড়া বুঝি পড়িয়াছে জলে* এমন কুমীর কোন কালে না দেখিনু॥ আর কার ঠাই কভু কানে না শুনিনু* কেমনে ইহার পৃষ্ঠে হইব ছওয়ার॥ ভাবা গোনা করে এয়ছা দেলে আপনার কুমীর কহিল বাত জবান খুলিয়া॥ কেন মা ডাকিলে মোর কিসের লাগিয়া* বোন বিবি বলে বাছা ডাকিনু তোমারে॥ তেরা এক

ছোট ভাই যাইবে সে ঘরে॥ দুখে নামে ভাই তেরা আছে এথানেতে॥ নাও কিস্তি নাহি দেশে যাবে কেমনেতে * আপনার পিঠ পরে করিয়া ছওয়ার॥ জলদি রেখে এস বাবা দেশেতে তাহার * সেকো বলে ছকুমযা করিলে আমায়॥ দুই তিন ঘণ্টা বিচে পৌছাইব তায় * ছওয়ার হউক দুখে আমার পিডেতে॥ লাহজায় গৌছিয়া দিব বরিজ হাটিতে * বিবী বলে বাচা দুখে দেরী নাহি আর॥ কুমীরের পিঠে যাও হইয়া ছওয়ার * ডর ভয় এক জারা দেলে না করিবে॥ তুরিত তোমায় ঘরে পৌছাইয়া দিবে * বিবীর পায়েতে দখে ছালাম করিল॥ কেন্দে কেন্দে এই বাত কহিতে লাগিল * অভাগাকে পদতলে রাখিও জননী॥ কোনবাতে নাহি যেন ঈঠাই পেরেশানি * বিপদে পড়িলে মাগো লিও উদ্ধারিয়া হতভাগা দখেকে না রহিবে ভুলিয়া * এতেক বলিয়া দখে বিদায় হইল॥ কুমিরে পিটে আথি মুদিয়া বসিল * কুমীর দখেকে লিয়া রপয়ানা হইল॥ হাওয়াকে রাথিয়া পিছে ভাসিয়া চলিল * কুমীরের পিঠেতে চড়িয়া যায় দখে॥ দয়ালু মা বোন বিবী খাড়া হইয়া দেখে * খোনায়ের ঘাটে লিয়া লহজায় পৌয়॥ সেকো বলে দখে ভাই আইনু কোথায় * কোন ঘাটে পৌছিনু ঠিকানা নাহি মেলে॥ শুনে দখে চক্ষু খুলে দেখে হেসে বলে * খোনায়ের কিস্তি ঘাটে দেখিতে পাইল॥ দখে কুমীরের খুব তরিফ করিল * কহিল পৌছায়ে মোরে দিলে ঠিকানায়॥ তিন দিবসে রাহা আইলে লহজায় * বড় বাহাদর তুখে খোদায় করিউ॥ তোমা হেন ভাই দনিয়াতে নাহি ছিল * পাইনু তোমাকে বোন বিবীর কৃপায়॥ সেকো বলে জলদী তুমী উঠ কীনারায় * আনার মারফতে বীবী ভেজীল তোমারে॥ রাহাতাকাইয়া থড়া দরীয়ার ধারে * শুনে দখে তখনী উঠিলকীনারায়॥ ছালাম তছলীম করে কুমীর বীদায় * খবর শোনায় মা বোন বীবীর কাছে॥ আমী গীয়া দেখী মা দখীনী কোথায় আছে * কুমীর রওয়ানা হইল বিদয় হইয়া॥ দখে কেন্দে২ গেল মা মা বলিয়া * পৌছিলল যখন গীয়া ঘরে আপনার॥ দেখে বুড়ী পড়ে আছে হইয়া লাচার * মা মা বলে ডাকে দখে কাতর হইয়া॥ বেহুসে পড়িয়া আছে না দেখে চাহীয়া * চহে নাহি সেজে কানেনা পায় শুনীতে॥ দেখে দখে দর্দ্দ দেলে লাগিল কান্দিতে * ডাকাডাকী করে নাই পাইল চেতন

আখেরেতে করে বোন বিবিকে স্মরণ * এয়ছা ভেবে ডাকে দুখে বোন বিবি মা ॥ কোথা গো মা দয়াময়ী ঠেকিয়াছি দায় * অন্তর ধিয়ানে বিবি মালুম করিল ॥ ল্যাহজায় দুবের কাছে আসিয়া পৌছিল * মৌমাছি হয়ে বসে কাছেতে দুখের ॥ কহিলেন ডাকিয়াছ কিসের খাতির * দুখে বলে দয়ালু মা ডাকি এ কারণ ॥ মা আমার পড়ে আছে হয়ে অচেতন * মা মা বলে ডাকিতেছি জওয়াব না পাই ॥ বিষম মুস্কিলে পড়ে ডাকিয়াছি তাই * কানেতে হইল কালা শুনিতে না পায় ॥ দেখিতে না পায় চক্ষে কি করি উপায় বিবি বলে ওরে দুখে না কর ভাবনা ॥ এক কাম কর তুমি ভাবিয়া রবানা * লইয়া আল্লার নাম চক্ষু ও কানেতে ॥ হাত ফিরাইয়া দেহ পাইবে দেখিতে * শুনিতে পাইবে হুস হইবে বাহাল ॥ এ কথা শুনিয়া বড় হইল খোসাল * একথা বলিয়া বিবি গায়েব হইল ॥ দুখে যে আল্লার নাম মুখেতে লইল * চক্ষে কানে বুড়ির ফেরায়ে দিল হাত ॥ আরাম পাইল বুড়ি আছিল হায়াত * সেই ঘড়ি নড়া চড়া করিতে লাগিল ॥ মা বলিয়া ডাকে তারে শুনিতে পাইল * রওশন হইল চক্ষু বসিল উঠিয়া ॥ ছামনেতে আপনার বেটাকে দেখিয়া * কেন্দে কোলে লিয়া বলে ওরে বাছাধন ॥ এতদিন কোথা ছিলে কহ বিবরণ * ধোনার মুখেতে শুনে মউত তোমার ॥ হায়াত থাকিতে বাকি হইনু মোর্দ্দার * কেদো খালির চরে বাঘে লিয়া গেছে তোকে পাঞ্জার ভাঙ্গিয়া মোর গেছে সেই শোকে * কানেতে হইনু কালা চক্ষে অন্ধ হৈনু ॥ অনাহারে হেথা সেথা কান্দিয়া ফিরিনু * শোকের আগুন মেরা হৃদয়ে লাগিল ॥ তোমা বিনে কে নিভাবে তনু ক্ষীণ হৈল * আরাম হারাম হৈল জানেতে আমার ॥ বক্তগুনে ফিরে আইলি শোকর আল্লার * নেভাইলি গোকানল ডাকিয়া মা বলে ॥ পুত্র বলে জননী গো আছিল কপালে * ভাল বাদে যাহা ২ গোছ রিয়া ছিল ॥ আপনার মায়ে সব শুনাইয়া দিল * বুড়ি বাচাইল তোরে পাক জাত ॥ বোন বিবির নামে ক্ষীর করহ খয়রাত * কুড়ালি গলায় বেন্ধে মাঙ্গ সাত গ্রামে ॥ ক্ষীর পাকাইয়া দেহ বোন বিবির নামে * মায়ের কথায় তবে দেরী না করিল ॥ আপনার গলে এক কুড়ালি বান্ধিল বোনবিবির নামে ভিক্ষা মাঙ্গে সাত গায় ॥ বোনবিবির বুজরগী শোনায় সবাকায় * আমাকে খাইল বাঘে ধোনাই কহিল ॥ ছহি ছালামতে

দুখে কোথা হইতে আসিল* চেনা শোনা লোক ছিল সাথের যাহারা॥ পুছিতে লাগিল বাঘে খাওয়ার মাতেরা * তাদিগে শোনায় দুখে সে সব বয়ান॥ উদ্ধারিল বোন বিবি হৈয়া দয়াবান * সাত গ্রাম মেঙ্গে দুখে যাহা কিছু পাইল॥ চাল চিনি দুধ এনে ক্ষির পাকাইল * গ্রামের ছেলে সব সাথে বোলাইয়া॥ বোন বিবির নাম লিয়া দিল খেলাইয়া * বোন বিবির নাম লিয়া ছেলেরা তামাম * যার যে চ'লয়া গেল আপনার মোকাম* দুধচিনি ক্ষিরের হাজত সেই হৈতে॥ শুরু হৈল আদায় করেন সকলেতে * তাহা বাদে কহে দুখে মায়ে আপনার॥ শোনগো মা কহি আমি হুজুরে তোমার * ধোনা বড় দুক্ষ দিল আমার খাতের॥ ভুলায়ে লেজায়ে দিল মুখে রাক্ষসের * ধোনারের নামে আমি নালিশ করিয়া॥ দাড়াইব হাকিমের দরবারেতে গিয়া * বেড়ি লাগাইব পায়ে বিচারে ধোনার॥ বুড়ি বলে বাবা দুখে না আছে দরকার * লড়াই করিয়া তার সাথে কাজ নাই॥ গরীবের ছেলে চুপ করে থাকা চাই* কোথা পাবে টাকা কড়ি শুনহ বারণ * দুখে বলে বিধির কৃপায় পাইনু ধন * বড়খান গাজি মোরে দিয়াছে কারার॥ সাত জালা ধন ঘরে পৌছাব তোমার * একথা বলিয়া দুখে আপনার মায়ে॥ ডাকে দুখে বড়খানে বাহিরেতে গিয়ে* একবার এস ভাই গাজি বড়খান॥ গরীব দখের পরে হও মেহেরবান * ছিল বড়খান গাজি আপন আসনে॥ জানিতে পারিল দখের মিনতি বচনে* তখনি দখের কাছে আসিয়া পৌছিল॥ কি কারণে ডাকিয়াছ জিজ্ঞাসা করিল * দখে বলে ভাই মোরে দিয়াছ কারার॥ দেহ সেই মাত্যা আছে আমার দরকার * দৌলত পাইলে ঘর বাড়ি বানাইব॥ গাজি বলে কহ ভাই এই ঘড়ি দিব * তালগাছ আছে বাড়ির পুর্বেতে তোমার॥ সাত জালা ধন গাড়া নিচেতে তাহার * নামে ছেকান্দার বাদশা বাপ মেরা ছিল - দনিয়াতে ঠাই ২ দৌলত গাড়িল * এহিক্ষন দিনু তুমে সেই সব ধন॥ রাতকালে তুলে ঘরে আনিবে আপন * মেহনত করিতে তুমে নাহিক হইবে॥ দৌলত তোমার ঘরে আপনি আসিবে * আপনি যাইয়া সেথা হেলা হওয়া চাই॥ বেহেলাতে কোনকাম নাহি হয় ভাই * একথা বলিয়া গাজি গায়েব হইল॥ রাত দিপ্রহরে সুখে কোমর বান্ধিল * কোদালি লইয়া হাতে চলিল সেথায়॥ তালগাছ ছিল যেথা দখের ভিটায় *

যাইয়া সেখানে দেখে নজর করিয়া॥ সাত্ত জালা ধন আছে দেখিল যাইয়া * দেলেত্তে লইয়া খুসি কোদালি মারিল। ঠেকরিয়া উঠে যেন পাষাণে লাগিল * উঠাইতে নাহি পারে হয়রান হইয়া॥ কহিতে লাগিল গাজি গেল ফাকি দিয়া * যা মুলক জানাইব বোন বিবি মাতাকে॥ গাজি ভাই খুব ফাকি দিয়াছে আমাকে * কোদালি লইয়া ফিরে চলিল তখন॥ সেই রাতে যেতে ছিল চোর সাত্ত জন * চোর সব সেই মাত্তা দেখিতে পাইয়া লইল দুখের তারা কোদালি কাড়িয়া * চোরেদের ভয়ে দুখে পলাইয়া যায়॥ সেই সব চোর ধন আসিল যেথায় * মাটি খুদে সাত্ত জালা মাল নেকালিল॥ দেখিবার তরে তার সরপোস খুলিল * জালা ভরা সাপ সব ফোস ফোস করে সাত্ত জন চোর ছিল পলাইল ডরে * বহে সব আদাওত্তি যত সে দুখের॥ মত্তলব করিয়া ডালে মুখেত্তে সাপের* সরল মা আছে দখে খোলাসা করিয়া॥ এখন এ সব সাপ আমরা লইয়া* যাইয়া দখের ঘরে ফেলিয়া আসিব॥ সে যেমন খল তার প্রতিফল দিব* দখেকে খাওয়াব সাপে মত্তলব করিয়া॥ সাত্তজনে সাত্তজালা মাথায় করিয়া * রাত্রিতে দখের বাড়ি সাত্তজনে সাত্তনে সাত্ত জালা মাথায় করিয়া * রাত্রিতে দখের বাড়ি সাত্তজনে যায়॥ সাত্তজনা পৌছিল দখের দরজায় * গালি দিয়া সাত্ত জনা গিরায় দখের বাড়ি॥ বলে এই লেহ তেরা টম সাত্ত জাড়ি * রাখিয়া ভাগিয়া গেল সাপের ভয়েত্তে॥ সরপোষ ঢাকিয়া দিয়া জালার মুখেত্তে সাত্তজনা চোর মাত্তা ঘরে লয়ে দিল॥ দখের মা দখে দেখে খুসিত্তে ভরিল* সাত্ত জাড়ি ভরা ছিল কিমমত্তি গওহরে॥ মায়ে বেটা আক পাক করে রাখে ঘরে*সারা ভারত্ত উমমরেত্তে নাহি দওলত্ত দেখিল৷ মাত্তা পেয়ে মায়ে বেটায় হাসিতে ফুলিল * গরীব আছিল পেয়ে হইল নেহাল॥ পাইল বাদশাই মাত্তা হইয়া কাঙ্গাল দখে বলে শোন মাত্তা বিশেষ খবর॥ বোন বিবির কৃপা হইল আমার উপর * গরীব আছিনু আল্লা হৈল মেহেরবান॥ খোদা যাকে রাজি তার মেটায় আরমান * বোন বিবি মেয়া পরে আছেন মদত্ত॥ ধন পাইনু পহেলা বানাই এমারত্ত * এয়ছাই মত্তলব দখে দেলে ঠাহরিল। দক্ষিণা দেওয়ের হুরে ইয়াদ করিল * মালুম পাইল দেও আছিল খাড়িত্তে॥ দখের নিকটে রায় পৌছে সেত্তাবিত্তে * কহে কেন দখে ভাই ডাকিলে আমায়॥ কহিত্তে লাগিলে দখে শোন ভাই তায় * এরাদা হয়েছে বানাইতে

এমারত ॥ কড়ি কাঠ নাহি আছে হইবে কিমত * কাষ্ঠ আদি লাগে যাহা দিবেন আমায় ॥ না আছে আন্দেসা কিছু আছি ভরসায় * দেও বলে জঙ্গলে মেরা কাষ্ঠ বেশুমার ॥ তিন লক্ষ জমা আছে ভাবনা কি তার * পাঠাইয়া দিব পাপে ঘরেতে বসিয়া ॥ একথা বলিয়াগেল বিদায় হইয়া * ভূত প্রেত দেও দানব যত তার ছিল ॥ সবাকে দক্ষিনা দেও বোলাইয়া লিল * কহিল দুখের বাড়ি যাহ কাঠ লিয়া ॥ দেওয়ের হুকুম তারা এরূপে পাইয়া * নদীতে ভাসায় কাষ্ঠ ভাসাইয়া দিল ॥ উজান ভাসিয়া কাঠ ভাসিয়া চলিল * পৌছিল দুখের ঘাটে লাহজায় বিচেতে ॥ পানি হইতে তুলে রাখে দুখের বাড়িতে * পর্বতের মত খুব উচা ঢাল হৈল ॥ দেও দান ভূত প্রেত বিদায় হইল * তখন ভাবিল দুখে দেলে আপনার ॥ মাল মাত্তা কাষ্ঠ আদি হইল তৈয়ার * এখন কোথায় পাব ছুতার মিস্তির ॥ ভাবিয়া তাহার দিশা করিতে না পারি * তখন ইয়াদ করে বোন বিবী মায় ॥ কোথা গো মা বোন বিবী ডাকে উভরায় * দয়াময়ী দয়ার সিন্ধু দেখা দাও মোরে ॥ বিপদে পড়েছি এসে ত্বরাও দাসেরে * তুরকুণ্ডায় ছিলবিবী ধ্যানেতে জানিল ॥ দুখের স্মরণে তার আসন হেলিল * আসিয়া পৌছিল বিবী নিকটে দুখের ॥ কহিলেন ডাকিয়াছ কিসের খাতের * বলে দুখে মা জননী কি বলিব আর ॥ কোঠা বালাখানা আমি করিব তৈয়ার * মনে করিয়াছি বানাইব ইমারত ॥ হৈতে পারে যদি হয় তোমার মানত * রাজও মজুর আমি পাইব কোথায় ॥ দয়াবন্তি মৈা কহ তালার উপায় * বোন লিবী কহে যাদুরায় হস-মন্দ ॥ এ কামের উপযুক্ত জানে নানা ফন্দ * আপনা দেওয়ন তুমি তাহাকে করিবে ॥ হুকুম করিবে যাহা আমলে আনিবে * রাত্ত কাল কব আমি স্বপনে তাহায় ॥ ফজরে হাজির হবে তোমার ডেরায় * এ কথা বলিয়া বিবী বিদায় হইল ॥ যাদু রায় রাতকালে স্বপন দেখিল স্বপনে দুখের হাল দিল বাতাইয়া ॥ আওল আখের তক খোলাসা করিয়া * আমি সখা হৈয়া তার মাল মাত্তা দিনু ॥ দেশের বিচে তারে চৌধুরি করিনু * তার কাছে গিয়া তুমি হইবে দেওয়ান ॥ বানা ইবে ইমারত তালাব বাগান * পছন্দ মাফিক সব খান আমিরানা ॥ ঠাট বাট কর সব বাদসাই ছামানা * না কর এনকার তারে গরীব

বলিয়া॥ হুকুম বরদার রবে চাকর হইয়া * জানিয়া না করিতে চাহ তার তাবেদারি॥ তাহালে খারাবি তেরা হইবে ভারি * জান বচেো সহ তবে নিষ্টনিয়াদ করিব॥ নিজে না বাচিব তোমে বাঘে খাওয়াইব যাদুরায় এইরূপ স্বপন দেখিল॥ বোন বিবীর পরিচয় শুনিতে চাহিল * বিবী শরিচয় সব দিল আপনার॥ শুনিয়া বিবীকে করে ছালাম হাজার * ফজরেতে ঘুম হৈতে হখন লঠিল॥ স্বপনের কথা সব জাহের করিল * দুখের হজুরে যাদু'য় এজরেতে॥ যইয়া ছালাম করে বড়া তাজিমেতে * স্বপনেতে মোন বিবী যা কিছু কহিল॥ দুখের হজুরে সব বয়ান করিল * দুঘে কহে যাদুরায় টাকা কড়ি লেহ॥ আমার সংসারে ম্যানেজার হৈয়া রহ * দেওয়ন হইয়া মেরা দেহ কাজ কাম॥ সব কাম তোমা হইতে হইবে আঞ্জাম * দাগাবাজি কর যদি কহিব বিবীকে॥ উচিত সাজাই তিনি করিবে তোমাকে * কোঠা কালাখানা কর পছন্দ মাফিক॥ বানাইবে আমিরানা শান সব ঠিক * নওকর চাকর আদি খেদমত গোজার॥ মিস্তিরি মজুর ইটা চুন টরকী আর * যাদুরায় দুখের হকুমে মাত্তা লিয়া॥ দরকার মাফিক লোকজন মাঙ্গাইয়া * ফরমাইস মোতাবেক বানাইয়া দিল॥ যেখানে যা আবশ্যক সকলি করিল * বাগিচা তালাব ছিল পোক্তা বালাখানা॥ বানায় কাছারি ঘর সান আমিরানা যইতে আসিতে পাকা রাস্তা বানাইল॥ বাদশাই ওছন্দি হাওয়া খানা বানাইল * পিয়াদা দরওয়ান তার চাকর নকর॥ খাজাঞ্চি গোমস্তা রাখে কোটাল বিস্তর * ছেপাই লস্কর থাকে বান্ধিয়া হাতিয়ার॥ দোহাই ফিরিয়া গেল দুখে বাদশার * যেথা সেথা হৈতে এসে রায়েত বসিল॥ টাকা কড়ি দিয়া ঘর বানাইয়া দিল * দুখের রাজতে প্রজা থাকে আরামেতে॥ বিনা খাজনায় বাস করে গরীবেতে তাবেদার হইল যতেক জমিদার॥ ফাজেল মৌলবী কাজি করেন বিচার * রায়েত প্রজার করে হক আদালত॥ তাকত না ছিল কার করে হেমাত * আদালত করে দুঘে তক্তে দিয়া বার॥ সকলেতে রাজি রহে তজবিজে তাহার * দেওয়ান মুছদ্দি খাছ আর ছিল যত॥ কেহ বৈসে কেহ খাড়া মোরত্তবার মত * সকলেতে রজু থাকে যার যে কামেতে॥ হুকুমের এন্তেজার রহে সকলেতে * হাসমত দবদবা খুব দুখের হইল॥ যে কেহ দুস্মনি ছিল ডরে ডরাইল

পেচস্তাব খায় ধোনা খবর শুনিয়া॥ মোহাম্মদ মুনশী কহে এলাহি ভাবিয়া *

* দুখে শাহার বিবাহ হইবার বয়ান *

পয়ার * বক্ত যার বোলন্দ করেন কারজ্জাজ॥ হর এক বাতে সেই হয় ছরফরাজ * হাজার দুস্মন কিছু করিতে না পারে॥ আপনার হাছাদে আপন পুড়ে মরে * দুখের একবাল আল্লা বোলন্দ করিল॥ বোন বিবী তার পরে সহায় আছিল * পাইল গায়েবি মাত্তা কাঙ্গাল হইয়া॥ দুখের নছিব আল্লা দিল বাড়াইয়া * খোদার মেহের দুখে বাদশাই পাইল॥ আদল এনছাফ কাম করিতে লাগিল * একদিন বসে দুখে কাছারি করিয়া॥ আছিল তামাম লোক হাজের হইয়া * দেশের রইছ লোক দুর দুর হইতে॥ কত সত আসিত মুখের মোলাকাতে * বিদায় হইল তারা ছালাম করিয়া॥ ধোনা মৌলে নাহি আসে দেখিল বুঝিয়া * আপনা দেওয়ানে দুখে বলে গোশ্বা হৈয়া॥ ধোনা মৌলে নাহি আসে দেমাগ করিয়া * এখনি ভেজিয়া দেহ পিয়াদা দরওয়ান॥ ধোনাকে ধরিয়া আন করিল ফরমান * যাদু রায় দুখের হুকুম এমছাই পাইল॥ দগ বিশ পিয়াদা চাপরাশি পাঠাইল * বিশেষ উত্তরে ত্রিশ কোমার বান্ধিয়া॥ ধোনায়ের বাড়ি সব চলিল কুদিয়া * ধোনাহের বাড়ী পৌছে কতক্ষন বাদ॥ ছেপাই সাস্কি দেখে শুনিল প্রমাদ * দুখে সাহার হুকুম হইল এ প্রকার॥ ধোনাকে ধরিয়া আন করে গেরেপ্তার * থর থর কাঁপে ধোনা দুখের ভায়েতে॥ মাইতে চলিয়া পড়ে জানের ডরেতে * চেলা চোপদার আনে ধোনাকে ধরিয়া॥ দরবারের মাঝে দিল হাজির করিয়া * দরবারের ছোভানাত দোখিয়া ধোনাই॥ হাসমত দবদবা দেখে করে হাই ফাই * দুখের চেহারা গেছে বদল হইয়া॥ তক্ত পরে আছে যেয়ছা আমির বসিয়া * দুখের রওনাক দেখে হয়বতে রহিল॥ আবেতে ছের ঝুকে ছালাম করিল * সরমেতে খাতিয়েতে ছের নীচা করে॥ দুখে বলে চাচাজিগো বৈস কুরছি পরে * মনে পড়িয়াছে বুঝি কেদো খালির কথা॥ চাচাজিগো তাই নিচা করিতেছ মাথা * হাযাত আছিল বাকি ফজলে আল্লার॥ তাই দেখা হইল চাচা সঙ্গেতে তোমার * জাহানে তোমার মত না আছে নিদযা॥ দেল

চাহে লেই তেরা ছের উত্তারিয়া * ধোনা বোলে শুনে ভয়ে কাঁপে থর থর * মাফ কর বলে গেরে কদম উপর * ধরিয়া দুখের পায়ে মাফ চাহে ধোনা॥ না বুঝে করিনু খাতা মাফ কর গোনা * ধোনায়ের বুরা হাল দেখিয়া সকলে॥ মিনতি করিয়া কত যাদ রায় বলে * ধোনা এক কাজ করিয়াছে না বুঝিয়া॥ নছিবের ফলাফল গিয়াছে বিতিয়া * এখন কছুর মাফ করেন ধোনার॥ এমত তকছির কভু না করিবে আর * গোজারিয়া গেছে যাহা না করিবে মনে॥ ধোনায়ের অছিলাতে গিয়াছিলে বনে * বোন বিবী সখা হইল হাসমত পাইলে॥ দরবারের লোক এয়ছা কহিল সকলে * দুখে সাহা দেলেতে বুঝিয়া আপনার॥ মাফ করে দিল খাতা যে কিছু তাহার * কহিল চলিয়া যাহ মাকানে আপন॥ আমার হুজুরে থেকে নাহি প্রয়োজন * এ কথা যখন ধোনা শুনিল কানেতে॥ বিদায় হইয়া ভাগে উঠিতে পড়িতে * মাকানেতে গিয়া ধোনা লিল থোড়া দম॥ মনে ভাবে এর হাতে না রবে ভরম * না আছে দুখের হাতে বাচাও আমার॥ এজ্জত শরম মেরা বাচাইবা ভার * এখন ছাড়িয়া দিল লোকের কথায়॥ মারিবে আমাকে দুখে দেলের গোস্বায় * কেদো খালির কথা যখন মনেতে পড়িবে॥ গোস্বা হইয়া তখনি আমাকে বোলাইবে * এ কথা ভাবিয়া ধোনা দেলে আপনার॥ ঠাহরিতে নাহি পারে তদবির তাহার * তাহা বাদে সেইদিন গেল গোজারিয়া॥ রাত্রে ধোনা অনাহারে রহিল পড়িয়া * সাত পাচ ভাবে দেলে বেইয়াদ হইল॥ কাতর হইয়া বোন বিবিকে ডাকিল * কোথা গো মা বোন বিবী হইয়া সহায়॥ এসে দেখ দুখের হাতে ধোনাই মারা যায় * ডাকিতে ডাকিতে ধোনার চক্ষে নিন্দ আইল॥ অচেতন হইয়া ধোনা ঘুমায়ে পড়িল * দয়ার সাগর বিবী মালুম পাইয়া লাহুজায় ধোনার কাছে পৌছিল আসিয়া * স্বপন দেখায় বিবী বসে ছিরানায়॥ শোন বে-আক্কেল ধোনা কহি যে তোমায় * দুখের হাতে প্রান যদি বাচাইতে চাহ॥ দুখের সাথে আপনার বেটী বেহা দেহ * দুখেকে ডিঙ্গায় লিয়া যাবার পুর্বেতে কারার করিয়া এয়ছা ছিলি তার সাথে মহল হইতে ফিরি ঘরেতে আসিয়া॥ সাদী দেলাইব তেরা টাকা কড়ি দিয়া * এখন গর্দ্দানে তেরা আছে সে কারার॥ বেটি বেহা দিয়া জান বাচাও তোমার *

কারার আদায় হবে জান বাচাইবে॥ দুখের সহিত মিল খেলাফ হইবে * বাত যদি নাহি মান জানিবে আখেরে॥ দুখে শাহা কাটিয়া লইবে তেরা ছের * স্বপন দেখায়ে বিবি অদৃশ্য হইল॥ নিন্দ টটে গেল ধোনা ফজরে জাগিল * বোন বিবি দুখেকে স্বপনে কহে ইহা॥ শোন ওরে দুখে বাছা কহি আমি যাহা * তোমার বাড়িতে ধোনা পৌছিবে আসিয়া॥ তাহার বেটিকে তুমি কর সাদী বিয়া * কবুল করিবে চামপা নামে তার বেটি॥ হোরত না করিবে পরিপাটি * খবরদার ধোনাকে এনকার না করিবে॥ তাওাজ্জা করিয়া খাতিরেতে বসাইবে * স্বপন দেখায়ে এয়ছা গায়েব হইল॥ বেহানেতে দুখে সাহা দরবারে বসিল * ওখানেতে ধোনা মৌলে ঘরে আপনার॥ স্বপন দেখিল যাহা করিল প্রচার * দেলাব চামপার বিয়া দুখের সহিতে॥ সকলে হইল রাজি ভরিল খুসিতে * বিবাদ মিটিয়া যাবে হইবে প্রণয়॥ এগানা আপন লোকে তখনি বোলায় * নামি নামি লোক আপনার সাথে লিয়া॥ দুখের দরবারে ধোনা পৌছিল যাইয়া * ছালাম আলেক সবে করিল দখেকে॥ খাতির করিয়া খুব বসায় সবাকে * কহিতে লাগিল ধোনা বাদেতে তাহার॥ শোন বাবা দখে আছে পয়গাম আমার * তেরা সাথে ছিল মেরা কওল কারার॥ জংগল হইতে এসে ঘরে আপনার * আপন খঁরচে তেরা দিব সাদি বেহা॥ আদায় করিব সে কারার ছিল যাহা * আজ্ঞাম হইত কত আওকত মাফিক॥ এখন মোরতবা তেরা বাড়িল অধিক * বোন বিবী দিল মোরে এখানে ভেজিয়া॥ মেরা এক লাড়কি দিব তোমাকে শুপিয়া ভালা বুরা দেহ তুমি একথার রায়॥ দখে কহে রাজি আমি আছি সে কথায় * বোন বিবি রাজি হৈয়া আমাকে ভেজিল॥ সে কথা আমাকে বিবি জানাউল * দেল জান হৈতে রাজি আছি সেই বাতে॥ আদাওত গিয়া দিস্ত হবে তেরা সাতে * শুনে ধোনা মনে দেলে বড়া খুসি হৈল॥ বিবাহের দিন ধার্য করিয়া লইল * লগন বাঁধিয়া লিল সেই দিবসেতে॥ ফলানা দিবসে যাবে বিবাহ করিতে * টোনায়ের বাড়ি নওশা যাবে লোক লিয়া॥ বিদায় হইল এই ব্যবস্থা করিয়া * ধোনা মৌলে আসিয়া ঘরেতে আপনার॥ সাদির ছামানা সব করিল তৈয়ার * এখানেতে দখে সাহা খুসিতে

ভরিয়া॥ আপনার মাকে সব দিল শোনাইয়া॥ বেটার শাদীর বাতে আল্লাদ বুড়ির॥ চলিল দুখের বাড়ি তুফান খুসির* গান বাজা রাগরং হইতে লাগিল॥ বান্দি দাসী সকলেতে আমোদ মাতিল * যাদু রায়ে দুখে শাহা লিল বোলাইয়া॥ সাদির ছামানা কর দিল ফরমাইয়া * হুকুম মাফিক কর সাদির ছামানা॥ বানায় নওবত খানা শান আমিরানা * ঠাই ঠাই সামিয়ানা লটকাইয়া দিল॥ দেশের তাবায় লোকে খানা খেলাইল॥ রোজ রোজ তামদারি দুখের বাড়িতে॥ খায় পেয় নাচে গায় বিষয় খুসিতে * নওবতের বাজা বাজে যার বহদুর॥ মোহিত হইল লোক শুনে তার সুর * খেস কুটুম্ব যত ছিল আসিয়া পৌছিল॥ দখের মাকান ভারি গুলজার হইল * বিবাহের দিনে লোক জমে বেশুমার॥ দখে সাহা দলা সেজে হইল তৈয়ার* সোনার চৌদলে বর যাইয়া বসিল বিষম ধুমেতে সাদি করিতে চলিল* বরযাত্রি পৌছে গিয়া ধোনা য়ের বাড়ি॥ লোক জন বসাইতে করে তাড়াতাড়ি * ধোনার মোজলিস খুব গোলজার আছিল॥ লোকজন সবাকে তাজিমে বসাইল খাতের তওাজ্জা খুব করে সবাকার॥ তামুক দস্তুর মত চলিল হোক্কার * তাহা বাদে গোলাপি সরবত পেলাইল॥ বাদে তার কোরমা পোলাও খেলাইল . খুসি খোসালিতে হয় গান বাজনা॥ নাচে বাইওালি খেমটা গায় গান নানা * তামাসাতে গেল রাত ফজর হইয়া॥ সাদি পড়াইতে মোল্লা পৌছিল আসিয়া * গাওয়া সাক্ষী দিয়া নেকা পড়াইয়া দিল॥ মোজলিসের লোক মোবারক বাদি দিল * দখেকে শুপিল ধোনা বেটি আপনার॥ খসিতে মোহিত হইল অন্দর বাহার * দেহাজ যৌতুক ধোনা বেশুমার দিল মহা ধুমধামে নওশা বিদায় হইল * ধোনার লাড়কিকে দখে বিবাহ করিয়া॥ আপনার মাকানেতে পৌছিল আসিয়া * বান্দি দাসী সকলেতে আমোদে মাতিল॥ বহুকে বুড়ির কোলে বসাইয়া দিল* বুড়ির আল্লাদ খব হইল সে ওক্তে॥ বহুকে পাইয়া যেন বৈসে রাজ তক্তে * যতনের ধন পেয়ে মুখে বোছা॥ দোওয়া করি থাক মাতা চিরজিবী হৈয়া* তাহা বাদে দখে শাহা হইয়া খোসাল॥ খয়রাত করিয়া দিল বেশুমার মাল * রায়েত সবাকে দখে করে সায়ফরাজ॥ মাফ করে করে দিল তিন সালের খেরাজ*

গরীব কঙাল খুব নেহাল হইল * বোন বিবী নামে খুব খয়রাত করিল * কাতরেতে ডাকিতে লাগিল মা বলিয়া॥ বোন বিবী ধিয়ানেতে জানিতে পারিয়া * শ্বেত মাক্ষি হইয়া দুখের কাছেতে পৌছিল॥ কেন বাছা ডাকিলে বলিতে লাগিল * দুখে বলে মা জননী তোমার কৃপায়॥ চৌধুরী করিয়া তুমি দিয়াছ আমায়* তোমার কৃপায় আমার হইল কোঠা বাড়ী॥ বিবাহ দিলেন মোরে ধোনায়ের বাড়ী॥ বহু দেখে যাহ মাতা আসেন আপন॥ বিপদে রাখিও পদে করিলে স্মরণ * বহু দেখে বন বিবি রওয়ানা হইল॥ ভুরকুণ্ডায় আপনার আসনে বসিল * দুখে সুখে রহে সদা ফজলে খোদার॥ আদল এনছাফ করে রায়েত প্রজার * দুখের তকলিফ কোন বাতে না রহিল॥ এখানে কাহিনী লেখা তামাম হইল * তেরোশ পাঁচ সাল বারই ফালগুণে॥ কলমে বিদায় করিলাম ভেবে গুণে * বলে মোহাম্মদ মুনশী জনাবে সবার॥ ভুরসুট কানপুরে বসতি আমার * ছেজদা শোকর মেরা দরগায় খোদার॥ খায়ের করিল আল্লা এ বাতে আমার * আমি কিছু নাহি জানি সায়েরি করিতে॥ এলেম না আছে মোর আলেফ বে পড়িতে * যদিও লিখিনু কেচ্ছা খাহেস দোস্তের॥ দিন দুনিয়াতে আল্লা করেন খায়ের * আল্লা পাক আমায় যদি তরান হাসরে॥ আমি অতি গোনাগার খোদার দরবারে * হামেসা দরগায় এয়ছা করি মোনাজাত॥ হাসরেতে পাই যেন নবীর সাফাত * দখল না আছে মেরা এই এলেমেতে॥ সারিয়া লইবে আপনার বুজরগিতে*

* সমাপ্ত *